



মেনু

30

Like

Share 30

G+ Share

Tweet

শিল্প-সাহিত্য

যাত্রা শুরু করলো 'পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম'

Aug 20, 2017

Share 30

Like

G+ Share

Tweet



 **রবি** নেটওয়ার্ক

মনিরুল ইসলাম মনি: দেশের প্রথমবারের মত তথ্য সমৃদ্ধ তিনটি ওয়েবসাইটের সমন্বয়ে যাত্রা শুরু করল দেশের লেখক, প্রকাশক ও সৃজনশীল বইয়ের তথ্য সংবলিত ডিজিটাল প্ল্যাটফর্ম 'পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম'। গতকাল শনিবার রাজধানীর একটি হোটেলে আড়ম্বরপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের আনুষ্ঠানিক যাত্রার শুভ উদ্বোধন করেন লেখক-গবেষক অধ্যাপক মুনতাসীর মামুন।

দেশের জনপ্রিয় সৃজনশীল প্রকাশনা সময় প্রকাশনের তত্ত্বাবধানে 'পাবলিশার্স ই-প্ল্যাটফর্ম' পরিচালনা ও ব্যবস্থাপনায় থাকছে ঢাকা ভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান সময়

facebook

নেট এবং যুক্তরাষ্ট্র ভিত্তিক ইন্টারনেট প্রতিষ্ঠান আলফা নেট।

দেশের প্রায় দেড় শতাধিক সৃজনশীল প্রকাশক, দুই হাজার লেখক এবং আড়াই হাজার সৃজনশীল বইয়ের বিবরণ আপলোড করা হয়েছে ওয়েবসাইটগুলোতে। এতে লেখকের প্রোফাইল, প্রকাশনা প্রতিষ্ঠানের প্রোফাইল এবং প্রকাশিত বইয়ের তালিকার সঙ্গে বইয়ের প্রচ্ছদ ও পরিচিতি থাকছে।

পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের আওতায় সৃজনশীল প্রকাশকদের তথ্য নিয়ে publishers.com.bd, সৃজনশীল লেখকদের জন্য authors.com.bd এবং সৃজনশীল বইয়ের তথ্য নিয়ে ওয়েবসাইট books.com.bd। বিশ্বের যেকোনো জায়গা যখন তখন মাত্র এক ক্লিকে এই তিনটি ওয়েবসাইটে জানা যাবে বাংলাদেশের প্রকাশক-লেখক-বইয়ের তথ্য। এটি আর্কাইভ হিসেবেও কাজ করবে। হালনাগাদও হবে নিয়মিত।

G+ Share

Tweet

অনুষ্ঠানে পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের তথ্য তুলে ধরে বক্তব্য রাখেন সমন্বয়ক ও প্রকাশনা সংস্থা সময় প্রকাশনের প্রধান নির্বাহী ফরিদ আহমেদ।

উদ্বোধনী অনুষ্ঠানে লেখক, সাংবাদিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও সৃজনশীল প্রকাশকরাও উপস্থিত ছিলেন। এর মধ্যে শিশুসাহিত্যিক আমীরুল ইসলাম, অনুপম প্রকাশনীর মিলন কান্তি নাথ, কাকলী প্রকাশনীর এ কে নাছির আহমেদ সেলিম, অনন্যার মনিরুল হক, অ্যাডর্ন পাবলিকেশন্সের সৈয়দ জাকির হোসাইন, অন্বেষার শাহাদাৎ হোসেন, নালন্দার রেদোয়ান জুয়েল, কথাপ্রকাশের জসিম উদ্দিন, পার্লের হাসান জায়েদী, জয়তীর মাজেদুল হাসান, ভাষাচিত্র প্রকাশনীর খন্দকার সোহেল, সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, গণমাধ্যম ব্যক্তিত্ব মুহাম্মদ জাহাঙ্গীর, লেখক মোস্তফা কামাল, মোস্তফা মামুন, হাসান হাফিজ, সুমন্ত আসলাম, প্রচ্ছদশিল্পী ধ্রুব এষ প্রমুখ উপস্থিত ছিলেন। এই উদ্যোগকে স্বাগত জানাতে এসেছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে ভিডিও প্রজেকশনের মাধ্যমে আলফা নেটের সিইও আবু সুফিয়ান হায়দার পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের কারিগরি তুলে ধরেন।

পাবলিশার্স ই-প্ল্যাটফর্মের ফরিদ আহমেদ বলেন, বর্তমান প্রজন্মের কাছে বই ও লেখক-প্রকাশকদের সম্পর্কে বিস্তর ধারণা দিতেই এমন উদ্যোগ। আশা করি শিক্ষিত এই প্রজন্ম এটি ভালোভাবে কাজে লাগাবে। এই প্ল্যাটফর্ম থেকে ফেসবুক ও টুইটারেও লিংক দেওয়া হবে।



bdnewshour24.com

21,688 likes

Like Page

Share

Be the first of your friends to like this

